কার্যকর হওয়ার তারিখ: জানুয়ারী 1, 2020

NYC Health + Hospitals
গোপনীয়তা অনুশীলনের বিজ্ঞপ্তি (Notice of Privacy Practices)

এই গোপনীয়তা অনুশীলনের ("NPP") বিজ্ঞপ্তিতে আপনার চিকিৎসাগত তথ্যাবলী কিভাবে ব্যবহৃত হবে ও প্রকাশ করা হবে এবং আপনি কিভাবে এইসব তথ্যে প্রবেশাধিকার পাবেন তা বর্ণিত রয়েছে।
অনুগ্রহ করে এটি মনোযোগ দিয়ে পড়ুন।

ভূমিকা ও তথ্য

New York City Health and Hospitals Corporation ব্যবসায়িক নাম NYC Health + Hospitals ("সিস্টেম" হিসেবে অভিহিত) ফেডারেল আইনের আওতায়, বিশেষ করে 1996 সালের স্বাস্থ্য বিমা বহনযোগ্যতা এবং জবাবদিহিতার আইন (Health Insurance Portability and Accountability Act of 1996, "HIPAA")-এর আওতায় আপনার স্বাস্থ্য সম্পর্কিত সুরক্ষিত তথ্যের গোপনীয়তা রক্ষা করার জন্য বাধ্য, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে এর আইনি কর্তব্য সম্পর্কে আপনাকে বিজ্ঞপ্তি দেয়া এবং আপনার সম্পর্কে আমরা কী কী ধরনের তথ্য সংগ্রহ করি, কাদের সাথে সেইসব তথ্য শেয়ার করি এবং আপনার অধিকার কী কী প্রভৃতি। এই NPP-তে আপনার গোপনীয়তা সুরক্ষার বর্ণনা রয়েছে এবং HIPAA–এর আওতায় আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংশ্লিষ্ট অন্যান্য অধিকারের বর্ণনা রয়েছে। এই NPP-তে বর্ণিত নেই এমন অন্য ফেডারেল আইন এবং/অথবা স্টেট আইনের আওতায় অন্যান্য আনুষাঙ্গিক সুরক্ষা এবং অধিকার আপনার থাকতে পারে।

NPP-তে ব্যবহৃত "স্বাস্থ্য সম্পর্কিত তথ্য", বলতে বোঝায় যে কোন স্বতন্ত্রভাবে সনাক্তকারী তথ্য যা সিস্টেম দ্বারা তৈরি, গ্রহণ, রক্ষণাবেক্ষণ বা প্রেরণ করা হয়, এবং যার সাথে আপনার স্বাস্থ্য সেবা ও চিকিৎসা জড়িত, এবং এই ধরনের সেবা এবং চিকিৎসার পেমেন্টের সাথে সংশ্লিষ্ট। বিশেষ গোপনীয়তা সুরক্ষা, যা এই NPP–তে উল্লেখ করা নেই, এইচআইভি-সংশ্লিষ্ট স্বাস্থ্য তথ্য, মাদকদ্রব্যের অপব্যবহার সংক্রান্ত তথ্য, মানসিক স্বাস্থ্য তথ্য, এবং জেনেটিক বা জেনেটিক টেস্টিং-এর তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে।

এই NPP–তে গোপনীতার অনুশীলনসমূহ বর্ণনা করা হয়েছে যা NYC Health + Hospitals-এর সকল অ্যাকিউট কেয়ার হাসপাতাল ও সংশ্লিষ্ট ক্লিনিকসহ সকল স্বাস্থ্য কেন্দ্র, ইউনিট, এবং প্রতিষ্ঠানকে; সকল Gotham Health ডায়াগনোস্টিক ও চিকিৎসা কেন্দ্র এবং সংশ্লিষ্ট এক্সটেনশন ক্লিনিকসমূহ; সকল দীর্ঘমেয়াদী অ্যাকিউট কেয়ার ফ্যাসিলিটি এবং দক্ষ নার্সিং কেন্দ্র; এবং সকল বাসা ও কমিউনিটি-ভিত্তিক পরিষেবা ও প্রকল্পকে অনুসরণ করতে হবে।

NYC Health + Hospitals এই NPP পরিমার্জন করার অধিকার রাখে। NYC Health + Hospitals পরিমার্জিত বা পরিবর্তিত NPP-কে ইতোমধ্যে রক্ষণাবেক্ষণকৃত এবং ভবিষ্যতের যে কোন স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের জন্য কার্যকরী করার অধিকার রাখে। NYC Health + Hospitals বর্তমান NPP–এর (এর কার্যকর হওয়ার তারিখসহ) একটি কপি এর ফ্যাসিলিটি, ইউনিট, প্রতিষ্ঠান এবং এর সার্বজনীন ওয়েবসাইটে পোস্ট করবে।

<u>চিকিৎসা, অর্থপ্রদান এবং স্বাস্থ্যসেবা পরিচালনার উদ্দেশ্যে স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ ও ব্যবহার</u>

চিকিৎসা। আপনাকে চিকিৎসা প্রদান, সেবা বা পরিষেবা প্রদানের উদ্দেশ্যে সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ করতে পারে এবং আপনার সেবার সাথে জড়িত স্বাস্থ্যসেবা প্রদানকারী বা অন্যান্য কর্মীদের কাছে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে। হাসপাতালের ভিন্ন ভিন্ন বিভাগ ভিন্ন স্বাস্থ্যসেবা পরিষেবার সাথে সমন্বয় করার জন্য আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও শেয়ার করতে পারবে, যেমন প্রেসক্রিপশন, ল্যাব ওয়ার্ক এবং এক্স-রের জন্য। প্রয়োজন হলে, আপনার সেবার সাথে সংশ্লিষ্ট সিস্টেমের বাইরের কোন ব্যক্তির কাছে সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে। *উদাহরণস্বরূপ: আপনার পা ভেঙ্গে যাওয়ার কারণে যে স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনার চিকিৎসা করছেন, তাকে অন্য স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে জেনে নিতে হবে যে আপনার ডায়াবেটিস আছে কিনা, কেননা ডায়াবেটিসের কারণে আপনার আরোগ্যলাভে বিলম্ব হতে পারে এবং তাঁদেরকে যথাযথ পরিষেবার ব্যবস্থা করতে হবে।*

পেমেন্ট। আপনার স্বাস্থ্যসেবা পরিষেবা ও চিকিৎসার পেমেন্ট নেয়ার জন্য সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার করতে পারে। পূর্ব অনুমোদন বা আপনার স্বাস্থ্য পরিকল্পনা আপনার চিকিৎসার খরচ কভার করবে কিনা তা যাচাই করে দেখার জন্য, সিস্টেম আপনার স্বাস্থ্য পরিকল্পনার কাছে আপনার চিকিৎসা বা প্রক্রিয়া সম্পর্কে জানানোর জন্য স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ করতে পারে। আপনি যদি স্বাস্থ্যসেবা বা পরিষেবার পেমেন্ট সম্পূর্ণ পরিশোধ করে থাকেন, তাহলে আপনি সিস্টেমকে আইনি অনুমোদন অনুসারে আপনার বিমা কোম্পানির সাথে শেয়ারকৃত স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সীমিতকরণের জন্য আবেদন জানাতে পারেন। *উদাহরণস্বরূপ: আপনি NYC Health + Hospitals–এ গ্রহণ করেছেন এমন সার্জিক্যাল প্রসিডিউরের বিষয়ে সিস্টেম আপনার স্বাস্থ্য পরিকল্পনাকে তথ্য দিতে পারে, যাতে আপনার স্বাস্থ্য পরিকল্পনা সিস্টেমকে অর্থ পরিশোধ করে কিংবা এধরনের প্রক্রিয়ার জন্য মূল্য পরিশোধ করে দেয়।*

স্বাস্থ্যসেবা পরিচালনা। দৈনিক কর্মপ্রক্রিয়া পরিচালনার জন্য এবং NYC Health + Hospitals–এর রোগীরা মানসম্মত সেবা পাচ্ছে তা নিশ্চিত করার জন্য সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ করতে পারে। পরিসংখ্যান বা বিশ্লেষণ করার উদ্দেশ্যে সিস্টেম একাধিক রোগীর স্বাস্থ্য সম্পর্কিত তথ্য একত্রিত করে পরিষেবার কার্যকারিতা ও প্রয়োজনীয়তা নির্ধারণ করতে পারে। যখন প্রয়োজন হবে, সিস্টেম হিসাবরক্ষক, পরামর্শদাতা, এবং অন্যান্য পেশাদার ব্যক্তিদের কাছে স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে, যারা বিভিন্ন প্রকল্প, প্রতিষ্ঠান এবং কেন্দ্রের কার্যক্রমকে সহায়তা দেয়। *উদাহরণস্বরূপ: চিকিৎসার* মান ও পরিষেবা পর্যালোচনার জন্য সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার করতে পারে।

অ্যাপয়েন্টমেন্টের রিমাইন্ডার। কেন্দ্র, ইউনিট বা প্রতিষ্ঠানে অ্যাপয়েন্টমেন্ট থাকলে সে ব্যাপারে আপনাকে মনে করিয়ে দেয়ার জন্য সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার করতে পারে।

স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ যেখানে অনুমোদন আবশ্যক

নিম্নলিখিত পরিস্থিতিতে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার বা প্রকাশ করার জন্য NYC Health + Hospitals–কে আপনার কাছ থেকে লিখিত অনুমোদন নিতে হবে:

বিপণন। কোন পণ্য বা পরিষেবা ক্রয় বা ব্যবহার সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করার জন্য আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার করার পূর্বে সিস্টেমকে অবশ্যই আপনার কাছ থেকে একটি লিখিত অনুমোদন নিতে হবে, যদি না আপনার সাথে সিস্টেম সশরীরে যোগাযোগ করে কিংবা সিস্টেম থেকে আপনাকে নামমাত্র মূল্যের একটি প্রোমোশনাল উপহার দেয়া হয়। তবে নিম্নোক্ত পরিস্থিতিতে, কোন অগ্রিম লিখিত অনুমোদন প্রয়োজন হবে না, যদি না আপনার সাথে যোগাযোগ করার বিনিময়ে কোন তৃতীয় পক্ষের কাছ থেকে সিস্টেম একটি পেমেন্ট পেয়ে থাকে এসব কারণে: (i) স্বাস্থ্য-সংশ্লিষ্ট সুবিধা ও পরিষেবা; (ii) ওষুধ সম্পর্কিত তথ্য; এবং (iii) চিকিৎসার বিকল্প।

স্বাস্থ্য সম্পর্কিত তথ্যাবলী বিক্রয়। লিখিত অনুমোদন ব্যতীত NYC Health + Hospitals আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য বিক্রয় করবে না।

স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ যেখানে অনুমোদন আবশ্যক নয়

নিম্নলিখিত পরিস্থিতিতে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করার জন্য NYC Health + Hospitals–কে আপনার কাছ থেকে কোন লিখিত অনুমোদন নিতে হবে না:

ফ্যাসিলিটি ডিরেক্টরি। আপনি যখন হাসপাতালে ভর্তি থাকবেন, তখন সিস্টেম হাসপাতালের ফ্যাসিলিটি ডিরেক্টরিতে আপনার কিছু নির্দিষ্ট স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার করতে পারবে। এই তথ্যের মধ্যে রয়েছে আপনার নাম, কেন্দ্রে আপনার অবস্থান, আপনার সাধারণ অবস্থা এবং আপনার ধর্মীয় সংযুক্তি। *দ্রষ্টব্য:* আপনার ধর্মীয় সংযুক্তির বিষয়ে শুধুমাত্র যাজক বা যাজকবৃন্দকে জানানো হবে। আপনি যদি ফ্যাসিলিটি ডিরেক্টরিতে আপনার এই স্বাস্থ্য সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করতে না চান, তাহলে এ বিষয়ে আপত্তি জানানোর অধিকার আপনার রয়েছে, এবং আপনি কেন্দ্রের ভর্তি বা হেলথ ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে তা জানাতে পারেন।

অর্থ সংগ্রহের কার্যক্রম। সিস্টেমের কেন্দ্র এবং স্বাস্থ্যসেবা প্রক্রিয়ার জন্য অর্থ সংগ্রহের উদ্দেশ্যে আপনার সাথে যোগাযোগ করার জন্য সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার বা প্রকাশ করতে পারে। একই উদ্দেশ্যে NYC Health + Hospitals আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য একটি সিস্টেম-সংশ্লিষ্ট ফাউন্ডেশন বা ব্যবসায়িক সহযোগীর সাথে শেয়ার করতে পারে। এই ধরনের যোগাযোগ থেকে নিজেকে প্রত্যাহার করার জন্য, আপনি একটি লিখিত আবেদন জমা দিতে পারেন এবং প্রতিষ্ঠানের হেলথ ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে জমা দিতে পারেন। অর্থ সংগ্রহের জন্য যোগাযোগ না পেতে চাওয়ার কারণে আপনার চিকিৎসা বা অন্য কোন সুবিধা বা পরিষেবা থেকে আপনি বঞ্চিত হবেন না।

গবেষণা। আপনি যদি কোন ক্লিনিক্যাল ট্রায়ালে অংশগ্রহণ করেন, তাহলে NYC Health + Hospitals আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার বা শেয়ার করার পূর্বে আপনার লিখিত অনুমতি চাইবে। কিছু কিছু ক্ষেত্রে, একটি বিশেষ অনুমোদন প্রক্রিয়া যা আপনার গোপনীয়তার সর্বনিম্ন ঝুঁকি নিশ্চিত করে তা পরিচালনা করার পর

কোন গবেষণার জন্য আপনার লিখিত অনুমোদন ছাড়াই সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার করতে পারে। কোন পরিস্থিতিতেই কোন গবেষক গবেষণার প্রস্তুতিপর্বে, মধ্যবর্তী সময়ে এবং পরবর্তীতে আপনার নাম বা পরিচয় প্রকাশ করবে না।

আপনার সেবা বা আপনার সেবার পেমেন্টের সাথে জড়িত ব্যক্তিবর্গ। আপনার আপত্তি না থাকলে, আপনার সেবা বা আপনার সেবার পেমেন্টের সাথে জড়িত আপনার পরিবারের একজন সদস্য বা বন্ধুর কাছে সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে।

যে সকল ব্যক্তি আপনার পক্ষে কাজ করতে পারে। আপনার অভিভাবক বা পিতা-মাতাসহ কোন ব্যক্তিগত প্রতিনিধির কাছে সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে।

স্বাস্থ্য ও নিরাপত্তার চরম ঝুঁকি প্রতিহত করার জন্য। আপনার স্বাস্থ্য ও নিরাপত্তার চরম ঝুঁকি প্রতিরোধ করার জন্য কিংবা জনগণ বা অন্য কোন ব্যক্তির নিরাপত্তার চরম ঝুঁকি প্রতিরোধ করার জন্য সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ করতে পারে।

সামরিক ও অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তা। আপনি যদি সামরিক বাহিনীর সদস্য হয়ে থাকেন, তাহলে সামরিক কমান্ড কর্তৃপক্ষের আদেশ অনুসারে সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে।

কর্মচারীর ক্ষতিপূরণ। প্রয়োজনীয়তা অনুসারে, সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য কর্মচারীর ক্ষতিপূরণ বোর্ড কিংবা এ ধরনের প্রকল্পের কাছে প্রকাশ করতে পারে।

জনস্বাস্থ্য কার্যক্রম। জনস্বাস্থ্যের উদ্দেশ্যে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সিস্টেম ব্যবহার ও প্রকাশ করতে পারবে, যেমন রোগ ছড়ানো প্রতিরোধ করতে, কিংবা নির্দিষ্ট শারীরিক অসুস্থতা, জন্ম, মৃত্যু, নির্যাতন, অবহেলা, এবং গৃহনির্যাতন বিষয়ে প্রতিবেদন পাওয়ার জন্য।

স্বাস্থ্য পর্যবেক্ষণ কার্যক্রম। আইন দ্বারা অনুমোদিত কার্যক্রম পরিচালনার জন্য কোন হেলথ ওভারসাইট এজেন্সির কাছে সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ ও ব্যবহার করতে পারে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অডিট, তদন্ত, এবং পরিদর্শন।

আইনি প্রক্রিয়া। আপনি যদি কোন মামলা বা আইনি বিতর্কে জড়িয়ে থাকেন, তাহলে সিস্টেম আদালত বা অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারের প্রত্যুত্তরে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে। বিতর্কে জড়িত অন্য কোন ব্যক্তি দ্বারা কোন আইনি প্রক্রিয়া, সপিনা, উদ্ঘাটনের আবেদন ইত্যাদির প্রত্যুত্তরে সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে, তবে শুধুমাত্র তখনই তা করা হবে যদি আবেদনের বিষয়ে কিংবা আবেদনকৃত তথ্য সুরক্ষার্থে নির্দেশ পাওয়ার জন্য আপনাকে জানানোর চেষ্টা করা হয়।

আইন প্রয়োগ। সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য আইন প্রয়োগের উদ্দেশ্যে ব্যবহার ও প্রকাশ করতে পারবে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: (i) কোন সন্দেহভাজন ব্যক্তি, পলাতক আসামী, প্রত্যক্ষদর্শী, বা নিখোঁজ ব্যক্তি সনাক্ত করার জন্য; (ii) কোন অপরাধের শিকার হওয়া ব্যক্তি সংক্রান্ত পরিস্থিতির জন্য; (iii) কোন ব্যক্তির মৃত্যুর ক্ষেত্রে, যেখানে আমাদের বিশ্বাস যে কোন অপরাধমূলক কাণ্ডের জন্য মৃত্যু ঘটেছে; (iv) NYC Health + Hospitals এর ফ্যাসিলিটিতে সংঘটিত অপরাধের জন্য; এবং (v) জরুরী পরিস্থিতিতে কোনো

অপরাধের বিরুদ্ধে প্রতিবেদন জমা দেয়ার জন্য, অপরাধ বা অপরাধের শিকার হওয়া ব্যক্তির অবস্থান, বা পরিচয়, বর্ণনা, বা যে ব্যক্তি অপরাধ সংঘটিত করেছে তার অবস্থান জানানোর জন্য।

মৃত্যু। সিস্টেম আপনার মৃত্যু বিষয়ে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ করতে পারে কোন ব্যক্তিকে সনাক্ত, বা তার অবস্থান নির্ণয়ে সহায়তা করার জন্য, যদি সে ব্যক্তি আপনার পক্ষ হয়ে আইন অনুসারে কাজ করতে পারে, কোন ব্যক্তিগত প্রতিনিধি হয়, কিংবা অন্য কোন ব্যক্তি যে আপনার সেবার সাথে সংশ্লিষ্ট ছিল, যদি না পূর্বে আপনি এর সাথে অসামঞ্জস্যপূর্ণভাবে লিখিত অন্য কোন ইচ্ছা বা নির্দেশনা প্রকাশ করে থাকেন।

করোনার, মেডিকেল পরীক্ষক, অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালক, এবং অঙ্গ দান। আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য করোনার, মেডিকেল পরীক্ষক বা অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালকের কাছে সিস্টেম ব্যবহার ও প্রকাশ করতে পারে তাঁদের কর্তব্য পালনে সহায়তার জন্য। অঙ্গ, চক্ষু, এবং টিস্যু দানের উদ্দেশ্যেও সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ করতে পারবে।

দুর্যোগে ত্রাণ। দুর্যোগে ত্রাণ কার্যক্রমে সহায়তা এবং আপনার পরিবারের সদস্য, আত্মীয়, ব্যক্তিগত প্রতিনিধি, কিংবা আপনার সেবার জন্য অন্য দায়বদ্ধ ব্যক্তির কাছে বিজ্ঞপ্তির সমন্বয় সাধনের উদ্দেশ্যে, সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য আইন বা অন্যান্য কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের কাছে প্রকাশ ও ব্যবহার করতে পারবে।

জাতীয় নিরাপত্তা ও ইনটেলিজেন্স কার্যক্রম। সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য অনুমোদিত ফেডারেল কর্মকর্তাদের কাছে ইনটেলিজেন্স, কাউন্টার-ইনটেলিজেন্স, এবং আইন অনুমোদিত অন্যান্য জাতীয় নিরাপত্তা কার্যক্রম পরিচালনার জন্য প্রকাশ করতে পারে।

প্রেসিডেন্ট ও অন্যান্যদের জন্য সুরক্ষাজনিত পরিষেবা। সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য অনুমোদিত ফেডারেল কর্মকর্তাদের কাছে প্রকাশ করতে পারে যাতে তাঁরা প্রেসিডেন্ট, অন্যান্য অনুমোদিত ব্যক্তিবর্গ, ও বিদেশী রাষ্ট্রপ্রধানদের সুরক্ষা দিতে পারে কিংবা বিশেষ তদন্ত পরিচালনা করতে পারে।

আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য বিষয়ক অধিকার

আপনার স্বাস্থ্য সম্পর্কিত যেসব তথ্য সিস্টেম রক্ষণাবেক্ষণ করে সেগুলো সম্পর্কে আপনার নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে:

প্রবেশাধিকার ও কপি পাওয়ার অধিকার। আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য দেখা এবং কপি পাওয়ার আবেদন করার অধিকার রয়েছে আপনার, তবে সাইকোথেরাপির নোট এবং চলমান ক্লিনিক্যাল গবেষণার ট্রায়াল সম্পর্কে তথ্য ব্যতীত। আপনার পছন্দের ফর্ম্যাটে আপনার মেডিকেল রেকর্ডের কপি চেয়ে আবেদন করার অধিকার রয়েছে আপনার। আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য দেখা বা কপি পাওয়ার আবেদন করার জন্য, অনুগ্রহ করে কেন্দ্র বা প্রতিষ্ঠানের হেলথ ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে লিখিত আবেদন জমা দিন। সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য দেখার আবেদন প্রত্যাখ্যান করার অধিকার রাখে, কিছু কিছু সীমিত পরিস্থিতিতে, এবং যদি তা ঘটে তাহলে, সিস্টেম আপনাকে প্রত্যাখ্যানের কারণ দর্শিয়ে একটি লিখিত ব্যাখ্যা দেবে এবং সেই সাথে সেই সিদ্ধান্তের জন্য আপিল করার অধিকার বিষয়ে লিখিত ব্যাখ্যা দেবে। মেডিকেল রেকর্ডের কপি প্রস্তুত করার জন্য ব্যয় বহন করার উদ্দেশ্যে সিস্টেম একটি যুক্তিসঙ্গত ফি আরোপ করতে পারে। আবেদনকৃত তথ্য

পাঠানোর পূর্বে কোন ধরনের আনুমানিক ফি সম্পর্কে, আবেদনকৃত স্বাস্থ্য সম্পর্কিত তথ্য পাঠাতে বিলম্ব কিংবা আবেদনকৃত ফর্ম্যাটে স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রদান করতে না পারলে সে বিষয়ে সিস্টেম আপনাকে লিখিতভাবে অবগত করবে।

সংশোধন করার অধিকার। সিস্টেম আপনার যে স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংরক্ষণ করে আপনি যদি মনে করেন সেটি ভুল বা অসম্পূর্ণ, তাহলে যতদিন পর্যন্ত তথ্য সিস্টেমে রয়েছে বা সিস্টেমের জন্য রয়েছে ততদিন আপনি সিস্টেমকে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংশোধন করার জন্য আবেদনের অধিকার রাখেন। আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংশোধনের আবেদন করার জন্য, অনুগ্রহ করে ফ্যাসিলিটি বা প্রতিষ্ঠানের হেলথ ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে লিখিত আবেদন জমা দিন। সংশোধনের জন্য আপনাকে আপনার আবেদনের পক্ষে অবশ্যই যথাযথ কারণ দর্শাতে হবে। কিছু সীমিত পরিস্থিতিতে সিস্টেম আপনার আবেদন প্রত্যাখ্যান করতে পারে। যদি আপনার আবেদন প্রত্যাখ্যাত হয়, তাহলে কেন তা প্রত্যাখ্যাত হয়েছে তার কারণ সহকারে সিস্টেম অবশ্যই আপনাকে একটি লিখিত ব্যাখ্যা দেবে।

অ্যাকাউন্টিং অফ ডিসক্লোজার পাওয়ার অধিকার। আপনার "অ্যাকাউন্টিং অফ ডিসক্লোজার" পাওয়ার আবেদন করার অধিকার রয়েছে, যেখানে তালিকাভুক্ত করা রয়েছে সিস্টেম কিভাবে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করেছে। এই তালিকায় কিছু নির্দিষ্ট ডিসক্লোজার অন্তর্ভুক্ত নেই, যেমন আপনার চিকিৎসা, পেমেন্ট, বা স্বাস্থ্য সেবা প্রক্রিয়ার জন্য শেয়ারকৃত তথ্য, কিংবা আপনার অনুমোদন সহকারে সম্পন্ন করা ডিসক্লোজার। অ্যাকাউন্টিং অফ ডিসক্লোজারের আবেদন করার জন্য অনুগ্রহ করে কেন্দ্র বা প্রতিষ্ঠানের হেলথ ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে লিখিত আবেদন জমা দিন। আপনার আবেদনে অবশ্যই ডিসক্লোজারের একটি সময়সীমা উল্লেখ করা থাকবে যা ছয় বছরের চেয়ে বেশি হবে না, এবং এপ্রিল 14, 2003–এর পূর্বের কোন তারিখ অন্তর্ভুক্ত থাকতে পারবে না। 12 মাসের সময়সীমার মধ্যে আপনি যে প্রথম তালিকাটির আবেদন করবেন, সেটি হবে বিনামূল্যে। বাড়তি তালিকার জন্য, সিস্টেম একটি যুক্তিসঙ্গত ফি নির্ধারণ করতে পারে।

বিধিনিষেধ আরোপের আবেদন করার অধিকার। আপনার চিকিৎসা, পেমেন্ট, বা স্বাস্থ্যসেবা প্রক্রিয়ার জন্য সিস্টেম আপনার যেসকল স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার করে বা প্রকাশ করে সেগুলোর বিষয়ে বিধিনিষেধ আরোপের অধিকার রয়েছে আপনার। এছাড়াও আপনার সম্পর্কে সিস্টেম যদি কোন তথ্য আপনার পরিচর্যার সাথে সংশ্লিষ্ট কোন ব্যক্তির কাছে প্রকাশ করতে চায়, উদাহরণস্বরূপ আপনার পরিবারের সদস্য বা বন্ধু-বান্ধব, তাহলে সেক্ষেত্রে আপনি আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশের সীমা নির্ধারণ করার আবেদন করার অধিকার রাখেন। আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের উপর বিধিনিষেধ আরোপ করার আবেদন করার জন্য, অনুগ্রহ করে ফ্যাসিলিটি বা প্রতিষ্ঠানের হেলথ ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে লিখিত আবেদন জমা দিন। *আপনার বিধিনিষেধ আরোপের আবেদনের সাথে সিস্টেমের একমত হওয়া আবশ্যক নয়।* যদি একমত হয়, তাহলে সিস্টেম আপনার আবেদনের সাথে সামঞ্জস্য রেখে কাজ করবে যদি না জরুরী চিকিৎসার ক্ষেত্রে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রয়োজনীয় হয়।

বিকল্প যোগাযোগের আবেদনের অধিকার। কোন বিকল্প পদ্ধতি বা অবস্থানে আপনার মেডিকেল বিষয়াবলী বা স্বাস্থ্য সম্পর্কিত তথ্য বিষয়ে সিস্টেম আপনার সাথে যোগাযোগ করার জন্য আবেদন করার অধিকার আপনার রয়েছে। আপনি যদি বিকল্প যোগাযোগের পদ্ধতির জন্য আবেদন করতে চান, অনুগ্রহ করে কেন্দ্র বা প্রতিষ্ঠানের হেলথ ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে লিখিত আবেদন জমা দিন। আপনার আবেদনে অবশ্যই

নির্দিষ্টভাবে উল্লেখ করা থাকতে হবে যে আপনি কোন পদ্ধতিতে যোগাযোগ পেতে চান। সিস্টেম আপনার আবেদনের কারণ জানতে চাইবে না, এবং সকল যুক্তিসঙ্গত আবেদন অনুমোদন করবে।

আইন লঙ্ঘনের ক্ষেত্রে বিজ্ঞপ্তি পাওয়ার অধিকার। আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য যদি আইন বহির্ভুতভাবে অর্জন, গ্রহণ, ব্যবহার বা প্রকাশ করা হয় এবং সিস্টেম যদি নির্ধারণ করে যে আপনার তথ্য সম্ভবত প্রকাশিত হয়েছে (যা "আইনের লঙ্ঘন" হিসেবে অভিহিত করা হয়) তাহলে আপনার এই বিষয়ে বিজ্ঞপ্তি পাওয়ার অধিকার রয়েছে। যদি আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংশ্লিষ্ট আইনের লঙ্ঘন করা হয়, তাহলে আপনাকে লিখিতভাবে লঙ্ঘনের বিষয়ে অবগত করা হবে লঙ্ঘন উদ্ঘাটনের দিন থেকে 60 দিনের মধ্যে।

এই NPP-এর একটি কাগুজে কপি পাওয়ার অধিকার। যে কোন সময় আপনার এই NPP–এর একটি কপি পাওয়ার অধিকার রয়েছে। আপনি এছাড়াও NYC Health + Hospitals–এর ওয়েবসাইট https://www.nychealthandhospitals.org/ এ গিয়ে NPP–এর একটি কপি পেতে পারেন কিংবা কেন্দ্র বা প্রতিষ্ঠানের হেলথ ইনফরমেশন ম্যানেজমেন্ট, ভর্তি বা রেজিস্ট্রেশন ডিপার্টমেন্টে যোগাযোগ করেও এটি পেতে পারেন।

অনুমোদন প্রত্যাখ্যান করার অধিকার। আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার ও প্রকাশ করার জন্য যদি আপনি সিস্টেমকে অনুমোদন দিয়ে থাকেন, তাহলে আপনি লিখিতভাবে যে কোন সময় সে অনুমোদন প্রত্যাখ্যান করতে পারেন। আপনি যদি আপনার অনুমোদন প্রত্যাখ্যান করেন, তাহলে আপনার লিখিত অনুমোদনে উল্লিখিত কারণসমূহের পক্ষে সিস্টেম আর আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্যাবলী ব্যবহার বা প্রকাশ করতে পারবে না। আপনার অনুমোদন থাকাকালীন কোন তথ্য প্রকাশ করা হয়ে থাকলে সিস্টেম সেটি পুনরুদ্ধার করতে অক্ষম।

অভিযোগ। যদি আপনি মনে করেন যে আপনার গোপনীয়তা রক্ষার অধিকারসমূহ লঙ্ঘন করা হয়েছে, এবং আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য অন্যায্যভাবে নেয়া, ব্যবহার বা প্রকাশ করা হয়েছে কিংবা আপনার যদি সিস্টেমের গোপনীয়তার অনুশীলন সংশ্লিষ্ট উদ্বেগ থেকে থাকে, অনুগ্রহ করে অফিস অফ কর্পোরেট কমপ্লায়েন্সের কর্পোরেট প্রাইভেসি অ্যান্ড সিকিউরিটি অফিসারের সাথে যোগাযোগ করুন এই ই-মেইল ঠিকানায় CPO@nychhc.org, কিংবা পরিচয় না প্রকাশ করে এবং গোপনীয়তা বজায় রেখে সিস্টেমের টোল-ফ্রি কম্প্লায়েন্স হেল্পলাইনে 1-866-HELP-HHC নম্বরে যোগাযোগ করুন। ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Department of Health and Human Services) এর সেক্রেটারির কাছে অভিযোগ দায়ের করার অধিকার আপনার রয়েছে। *কোন অভিযোগ দায়ের করার জন্য আপনাকে দণ্ডিত করা হবে না।*